



ড. মো. তোফাজ্জল হোসেন

ধানের রোগ দমনকারী নতুন ব্যাকটেরিয়া

■ বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) বিজ্ঞানী ড. মো. তোফাজ্জল হোসেন আন্তর্জাতিক ব্যাকটেরিয়া সনাক্ত করেছেন। আবিষ্কৃত এই ব্যাকটেরিয়ার নাম ব্যাসিলাস অরিজিকোলা। এ বিষয়ে একটি প্রবন্ধ আন্তর্জাতিক জার্নাল প্ল্যান্ট প্যাথলজিতে প্রকাশিত হয়েছে। আবিষ্কৃত ব্যাকটেরিয়াটি ধানপাছের রোগবোলাই দমন এবং পাছের সূক্ষ্ম বৃদ্ধির জন্য সহায়ক বলে জানান গবেষক।

ড. হোসেন জানান, ব্যাসিলাস প্রজাতির ২৯৯টি ব্যাকটেরিয়ার মধ্যে মাত্র ৩০টি উপকারী প্রজাতি। ৩১তম নতুন উপকারী প্রজাতি হিসেবে জ্ঞান-বিজ্ঞানের শাখায় এটি যাত্রা শুরু করল। এটি রোগ প্রতিরোধী উপকারী ব্যাকটেরিয়া হিসেবে কাজ করে আসছে। কোরিয়ার গিয়ানসেং জাতীয় বিশ্ববিদ্যালয়ে পিএইচডি গবেষণার সময় তিনি এ ব্যাকটেরিয়া সনাক্ত করেন। ধানের প্রধান তিনটি রোগ ব্যাকটেরিয়াল ব্রাইট, পেনিকেল ব্রাইট ও অস্বাভাবিক বৃদ্ধির বাকানি নামে রোগ দমনে নতুন প্রজাতির ব্যাকটেরিয়াটি সফলভাবে কাজ করেছে। এটি এসব রোগ যথাক্রমে ৬১ দশমিক ২, ৬৫ দশমিক ২ এবং